গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা, ২০২২ সংযোজন/সংশোধনের লক্ষ্যে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : মুহম্মদ ইব্‌রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ
তারিখ ও সময় : ০৬ ফেব্রুয়ারি ২০২৩, সোমবার, সকাল ১১:০০ টা
স্থান : সভাকক্ষ, স্থানীয় সরকার বিভাগ ও জুম প্লাটফর্ম

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত নগরবাসীকে মানসম্মত ও উন্নত নাগরিক পরিষেবা প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ গত ২৭ জুন ২০২২ তারিখে 'বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি কর্পোরেশনের অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা, ২০২২' প্রণয়ন করেছে। বাস্তব অবস্থার প্রেক্ষিতে এতে কিছু সংযোজন ও সংশোধন প্রয়োজন হওয়ায় আজকের সভা আয়োজন করা হয়েছে। তিনি সভা আয়োজনের প্রেক্ষাপট ও আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)-কে অনুরোধ জানান।

২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী সভাকে জানান, সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা বরাদ্দের মধ্যে সবুজ ও জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) মোকাবিলার জন্য সংশ্লিষ্ট খাতে বরাদ্দ রাখাসহ নির্দেশিকায় কিছু কিছু ক্ষেত্রে সংশোধন ও সংযোজনের প্রয়োজনীয়তা রয়েছে এবং এ বিষয়ে বিশ্বব্যাংক এর নিকট থেকেও একটি সংযোজনী প্রস্তাব পাওয়া গেছে। আজকের সভায় এ সংক্রান্ত প্রস্তাবগুলো পর্যালোচনা করে সকলের পরামর্শ/মতামতের আলোকে নির্দেশিকাটি সংশোধনের সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী নির্দেশিকাটির সংশোধনী ও সংযোজনীর প্রস্তাবগুলো সভায় উপস্থাপনের জন্য উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে আহ্বান জানান।

৩. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম সিটি কর্পোরেশনের অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা, ২০২২ এর খসড়া সংযোজনী/ সংশোধনী প্রস্তাবনাগুলো সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে মতামত/পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

৪. অর্থ বিভাগের যুগ্মসচিব ড. শেখ মনিরুজ্জামান বলেন, জলবায়ু পরিবর্তন বর্তমানে সারা পৃথিবীতে একটি অন্যতম ক্রসকাটিং ইস্যু। উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তন পরস্পরের সাথে ওতপ্রোতভাবে জড়িত। তিনি বিশ্বব্যাংক ও আইএমএফসহ অন্যান্য আন্তর্জাতিক প্রতিষ্ঠানের আর্থিক ও বিভিন্ন সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে সবুজ ও জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) মোকাবিলা সংক্রান্ত নীতিগত সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনার জন্য অনুরোধ জানান।

৫. বিশ্বব্যাংক এর পরামর্শক জনাব মহিউদ্দিন খান নির্দেশিকার খসড়া সংশোধনী অংশে সবুজ ও জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) মোকাবিলা খাতে ৫-১০% বরাদ্দ রাখার জন্য স্থানীয় সরকার বিভাগকে ধন্যবাদ জানান এবং এক্ষেত্রে সর্বনিম্ন/ন্যূনতম ১০% বরাদ্দ রাখার জন্য মতামত প্রদান করেন। বিশ্বব্যাংক এর অপর প্রতিনিধি সৈয়দ খালেদ আহসান স্থানীয় সরকার বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

৬. এ বিভাগের যুগ্মসচিব (আইন) জনাব মোঃ সবুর হোসেন বলেন, বিদ্যমান নির্দেশিকার ৬.১ ক্রমিকের ছকে বর্ণিত সকল কাজের সাথেই জলবায়ু পরিবর্তন বিষয়টি কোনো না কোনো ভাবে জড়িত। তাই এই ছকে সবুজ ও জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) মোকাবিলা খাতটি আলাদাভাবে রাখার প্রয়োজন নেই। এছাড়া, নির্দেশিকায় বর্ণিত কোনো ধারা/উপধারার বিষয়ে কোনো অস্পষ্টতা তৈরি হলে তার স্পষ্টীকরণের জন্য

স্থানীয় সরকার বিভাগ হতে ব্যাখ্যা বা পূর্বানুমতি নিয়ে করা যাবে মর্মে নির্দেশিকায় একটি নতুন ধারা সংযোজন করার জন্য তিনি মতামত প্রদান করেন।

৭. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) জনাব মোঃ শহীদুল ইসলাম খসড়া নির্দেশিকার সংশোধনী অংশের ৪.২নং ক্রমিকে সবুজ জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) 'পরিশিষ্ট-২' হিসেবে উল্লেখ করা এবং ৫.১.৮ ক্রমিকে অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরের ৩০ জুন এর মধ্যে সরকারি কোষাগারে জমা/ফেরত প্রদানের বিষয়টি উল্লেখ করা প্রয়োজন মর্মে অভিমত জানান। এছাড়া তিনি খসড়া নির্দেশিকার ৬.১ এবং ১১.৭ ক্রমিকে কিছু সংশোধনের প্রস্তাব করেন।

৮. সভায় উপস্থিত চট্টগ্রাম ও কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, অনলাইনে সংযুক্ত রংপুর, ময়মনসিংহ ও রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি তাদের সুনির্দিষ্ট মতামত প্রদান করেন।

৯. পরিশেষে সভাপতি বলেন, নির্দেশিকার সংশোধনীতে সবুজ জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) মোকাবিলা খাতে 'সাধারণ বরাদ্দ' হিসেবে প্রদানকৃত অর্থের ন্যূনতম ১০% ব্যয় করার প্রস্তাবটি গ্রহণ করা যায়। সে মোতাবেক নির্দেশিকার খসড়া সংশোধনীর ৪.২ ক্রমিক সংশোধন করা যেতে পারে। এছাড়া ৬.১ ক্রমিকের সেবাখাতসমূহে সবুজ জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) মোকাবেলা খাতটি রাখার প্রয়োজনীয়তা নেই মর্মে অভিমত ব্যক্ত করেন। উক্ত খাতের মূল বিষয়সহ এতদ্‌সংক্রান্ত অগ্রাধিকার কার্যক্রমগুলোকে পৃথকভাবে পরিশিষ্টে উল্লেখ করা যেতে পারে। এছাড়া, প্রকল্প/স্কিম/কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রাক্কলন প্রস্তুতের পূর্বে প্রয়োজনীয় ফিজিবিলিটি স্টাডি/জরিপ এর পাশাপাশি সরেজমিন পরিদর্শন করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন এবং নির্দেশিকার সংশ্লিষ্ট অংশ সংশোধনের জন্য নির্দেশনা প্রদান করেন। এই সভার আলোচনায় প্রাপ্ত মতামত ও সুপারিশের আলোকে খসড়াটি সংশোধনপূর্বক তা পরিপত্র আকারে উপস্থাপন করে মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে জারি করা যেতে পারে মর্মে উল্লেখ করেন।

১০. **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তগুলো গৃহিত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। | সবুজ জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) সম্পর্কিত অগ্রাধিকার কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে 'সাধারণ বরাদ্দ' হিসেবে প্রদানকৃত অর্থের ন্যূনতম ১০% ব্যয় করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |
| ২। | সবুজ ও জলবায়ু অভিঘাত (Green Climate Resilient-GCR) মোকাবিলা সম্পর্কিত মূল বিষয়-স্থায়িত্ব (sustainability), দক্ষতা (efficiency) ও জলবায়ু অভিঘাত মোকাবেলার সক্ষমতা (climate resilience) সম্পর্কে বর্ণনাসহ এ খাতের অগ্রাধিকার কার্যক্রমগুলো এবং অন্যান্য খাতের কার্যক্রমসমূহ পৃথকভাবে পরিশিষ্ট আকারে উল্লেখ করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |
| ৩। | প্রাপ্ত মতামত ও সুপারিশের আলোকে উপস্থাপিত খসড়ার সংযোজন/ সংশোধনপূর্বক পরিপত্র আকারে উপস্থাপন করে মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে জারি করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |

১১. পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৯/২/২০২৩

**মুহম্মদ ইব্‌রাহিম**
**সচিব**
**স্থানীয় সরকার বিভাগ**

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.২২.০০৫.২২-**১৮০/১(৫০)**

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

**বিতরণ-কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা।
(৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
(৬) যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/আইন/পলিসি সাপোর্ট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/গাজীপুর/ ময়মনসিংহ/রংপুর/নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন।
(৮) উপসচিব (পৌর-২/সিটি কর্পোরেশন-২/জেলা পরিষদ/ উপজেলা পরিষদ-২/ইউনিয়ন পরিষদ-২/বাজেট), স্থানীয় সরকার বিভাগ।
(৯) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
(১০) জনাব মহিউদ্দিন খান, পরামর্শক, বিশ্ব ব্যাংক, আগারগাঁও, ঢাকা।
(১১) সৈয়দ খালেদ আহসান, সিনিয়র পাবলিক সেক্টর স্পেশালিষ্ট, বিশ্ব ব্যাংক, আগারগাঁও, ঢাকা।
(১২) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
(১৩) অফিস কপি।

০৯.০২.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব